দৈনিক বাংলা

তারিখ ৫।৭।৮০

পৃষ্ঠা ... কলাম ...

৭।।

012

# ২৭৫টি পরীক্ষার খাতা হারিয়ে গেছে

(স্টাফ রিপোর্টার)

ঢাকা বোর্ডের চলতি উচ্চ মাধ্যমিক পরীক্ষার ২৭৫টি ইংরেজী বিষয়ের খাতা হারিয়ে গেছে। প্রায় এক মাস আগে বোর্ডের অনুমোদিত এক জন পরীক্ষকের কাছ থেকে এ খাতাগুলো খোয়া গেছে বলে জানা গেছে। তবে খাতা হারানোর ব্যাপারটি কাকতালীয় না অন্য কিছু—এ নিয়ে সন্দেহের অবকাশ রয়েছে প্রচুর।

এদিকে খাতা হারানোর জন্য বোর্ড কর্তৃপক্ষ উক্ত পরীক্ষকের বিরুদ্ধে দায়িত্বহীনতার অভিযোগ এনে তাকে পরীক্ষকের দায়িত্ব থেকে অপসারণ করেছে। ভবিষ্যতে এই পরীক্ষক দেশের কোন বোর্ডেই আর পরীক্ষক

(শেষ পৃঃ ৭-এর কঃ দ্রঃ)

## খাতা হারিয়ে গেছে

(১ম পৃঃ পর)

নিযুক্ত হতে পারবেন না। কিন্তু পরীক্ষকের এই শাস্তির পাশাপাশি বোর্ড কর্তৃপক্ষ হারিয়ে যাওয়া ২৭৫টি পরীক্ষার খাতা উদ্ধারের ব্যাপারে কি পদক্ষেপ গ্রহণ করেছেন তা জানা যায়নি। জানা যায়নি খাতাগুলো শেষ পর্যন্ত উদ্ধার করা সম্ভব না হলে সংশ্লিষ্ট ছাত্রছাত্রীদের ভাগ্যের কি পরিণতি হবে?

খাতা হারানোর ব্যাপারে দৈনিক বাংলার মানিকগঞ্জস্থ নিজস্ব সংবাদদাতা জানিয়েছেন, ঢাকার অদূরে কোন একটি কলেজের একজন অধ্যাপক-পরীক্ষককে খাতাগুলো দেখার জন্যে দেয়া হয়। উক্ত পরীক্ষক বোর্ড থেকে খাতার প্যাকেট নিয়ে নিজের গন্তব্যস্থলে পৌঁছার জন্যে গুলিস্তান বাস টার্মিনালে আসে। টার্মিনালের ফুটপাতে খাতার প্যাকেট রেখে অধ্যাপক একটি দৈনিক পত্রিকা কিনে দাঁড়িয়ে দাঁড়িয়ে দেখতে থাকেন। এ সময় ফুটপাতে রেখে দেয়া খাতার প্যাকেটটি গায়েব হয়ে যায়।

খাতা গায়েব হবার পর বহু চেষ্টা করেও নাকি অধ্যাপক খাতার প্যাকেট উদ্ধার করতে পারেননি। পরে তিনি বোর্ডকে এ ব্যাপারে অবহিত করেন এবং মতিঝিল থানায় একটি ডাইরী করেন। কিন্তু আজঅবধি খাতার কোন সন্ধান পাওয়া যায়নি বলে গতকাল রাতে মতিঝিল থানা থেকে জানানো হয়।